

জিনিসপত্রের সর্বোচ্চ সীমা কারাবন্দীদের জন্য তথ্য

আপনার জিনিসগুলো দুইটি প্রমাণ সাইজের বাক্সে আঁটতে হবে।
নিরাপত্তা এবং সুরক্ষার কারণে একটি সীমা নির্দিষ্ট করা হয়েছে।

কিছু জিনিসের একটি ছোট তালিকা আছে যেগুলো আপনি রাখতে
পারেন যা বাক্সের মধ্যে রাখার প্রয়োজন হবে না (যেমন আইনি
কাগজপত্র এবং, যদি অনুমতি থাকে, একটি বাদ্যযন্ত্র)।

আপনার কাছে যদি দুইটির বেশি বাক্স থাকে, তাহলে বাড়তি জিনিসগুলো দেখাশুনার জন্য আপনার পরিবার বা বন্ধুবান্ধবদের কাছে
হস্তান্তর করতে বা পাঠিয়ে দিতে বলা হবে। যদি তা করা না হয়, তাহলে জিনিসগুলো সংরক্ষণ করার জন্য দূরে কোথাও পাঠানো হতে পারে
এবং আপনি কমপক্ষে 12 মাসের মধ্যে ওগুলো পাবেন না।

আপনি যদি অন্য কোনো জেলখানায় স্থানান্তরিত হন, তখন আপনি শুধুমাত্র দুইটি বাক্স আপনার সাথে নিতে পারবেন, সাথে আইনি
কাগজপত্রের মতো জিনিসও নিতে পারবেন। একটি বাক্সের অর্ধেক পরিমাণ শ্যাম্পু এবং খাবারের মতো জিনিসগুলিও নিতে পারবেন।

আপনার বাদবাকি জিনিসগুলোর জন্য পরবর্তীতে খোঁজ নিতে হবে অথবা সেগুলো সংরক্ষণের জন্য দূরে কোথাও পাঠানো হতে পারে।

**আপনার জিনিসগুলো আমাদের কাছে গুরুত্বপূর্ণ। আমরা এই সীমা
মেনে চললে ওগুলোর দেখাশুনা সর্বোত্তমভাবে করা যেতে পারে।**

